

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালকের কার্যালয়

যুব উন্নয়ন অধিদপ্তর

যুব ভবন

১০৮, মতিবিল বা/এ, ঢাকা-১০০০

[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd).

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.০০১.১৩-৮৮৮,

তারিখ : ০৭/৮/২০১৬/খ্রিৎ

বিষয়ঃ নির্ধারিত আসনের অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তির অনুমোদন প্রদান প্রসংগে।

উল্লেখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের আওতায় পরিচালিত “বেসিক কম্পিউটার” বিষয়ক প্রশিক্ষণ কোর্সের স্থানীয়ভাবে ভর্তির ব্যাপক চাহিদা থাকায় কুড়িগ্রাম ব্রাম্ভনবাড়ীয়া, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, শরীয়তপুর, নেত্রকোনা, ঠাকুরগাঁও, লক্ষ্মীপুর, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, পঞ্চগড় ও মৌলভীবাজার জেলায় নিম্নলিখিত শর্ত স্বাপেক্ষে ২০১৬-২০১৭ অর্থবছরের চলমান (জুলাই-ডিসেম্বর/২০১৬) ব্যাচে নির্ধারিত আসন সংখ্যার অতিরিক্ত প্রশিক্ষণার্থী ভর্তির নির্দেশক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদন দেওয়া হলো। জেলা সমূহকে কিভাবে কম্পিউটার, প্রশিক্ষণার্থী এবং ট্রেনার ও সময় ব্যয় করা হবে তার পরিকল্পনা ১৫দিনের মধ্যে নির্দেশক্রমে জানাতে বলা হলো।

- > প্রশিক্ষণের গুরুত্বমান অঙ্কুন্দ রাখা।
- > নির্ধারিত লক্ষ্যমাত্রার অতিরিক্ত ভর্তির জন্য কোন অতিরিক্ত বাজেট বরাদ্দ দেয়া হবে না।
- > প্রশিক্ষণ কোর্সে ভর্তির ০৩(তিনি) দিনের মধ্যে ভর্তির অর্থ সরকারী কোষাগারে জমা প্রদান করে চালানের কপি প্রধান কার্যালয়ে প্রেরণ করা।
- > প্রশিক্ষণের সমাপনী দিবসে প্রশিক্ষণার্থীদের সনদপত্র বিতরন করতে হবে।

ক্রঠনং	জেলার নাম	বর্তমান আসন সংখ্যা	অতিরিক্ত ভর্তির অনুমোদন	মোট
ক	কুড়িগ্রাম	৪০ জন	১৯ জন	৫৯ জন
খ	ব্রাম্ভনবাড়ীয়া	৪০ জন	২০ জন	৬০ জন
গ	কুষ্টিয়া	৪০ জন	১৬ জন	৫৬ জন
ঘ	চুয়াডাঙ্গা	৪০ জন	১৫ জন	৫৫ জন
ঙ	শরীয়তপুর	৪০ জন	২২ জন	৬২ জন
চ	নেত্রকোনা	৪০ জন	৪০ জন	৮০ জন
ছ	ঠাকুরগাঁও	৪০ জন	২০ জন	৬০ জন
জ	লক্ষ্মীপুর	৪০ জন	১৫ জন	৫৫ জন
ঝ	মানিকগঞ্জ	৪০ জন	২৩ জন	৬৩ জন
ঝ	নারায়ণগঞ্জ	৪০ জন	২৭ জন	৬৭ জন
ট	পঞ্চগড়	৪০ জন	১০ জন	৫০ জন
ঠ	মৌলভীবাজার	৪০ জন	১০ জন	৫০ জন

১০৭.০৮.২৬  
(ফাতেমা বেগম)

সহকারী পরিচালক (প্রশিক্ষণ)

ফোন নং- ৯৫৫৩০২৮৩।

প্রাপক

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

-----জেলা।

অনুলিপি বিতরণ :

সহকারী পরিচালক(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

অফিস কপি।